# ১০৫ - বাংলাদেশ সুপ্রীম কোর্ট

## মধ্যমেয়াদি ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| পরিচালন ব্যয় | ২৯১,৩৮,০০ | ৩০৫,৯৫,০০ | ৩২১,২৫,০০ |
| উন্নয়ন ব্যয় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | **৩২১,২৫,০০** |
| | | | |
| আবর্তক | ২২৫,২৮,০০ | ২৫৮,৮৩,০০ | ২৭৮,০২,০০ |
| মূলধন | ৬৬,১০,০০ | ৪৭,১২,০০ | ৪৩,২৩,০০ |
| আর্থিক সম্পদ | ০ | ০ | ০ |
| দায় | ০ | ০ | ০ |
| **মোট** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | **৩২১,২৫,০০** |

### ১.০ মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

### ১.১ মিশন স্টেটমেন্ট

দক্ষ বিচার প্রশাসন ব্যবস্থা গড়ে তোলার মাধ্যমে প্রজাতন্ত্রের সকল নাগরিকের জন্য ন্যায়বিচার, মৌলিক ও আইনগত অধিকার নিশ্চিত করা।

### ১.২ প্রধান কার্যাবলি

১.২.১ মূল বা আদি মামলা, আপিল, পুনর্বিবেচনা ও অন্য প্রকার এখতিয়ার ও ক্ষমতার আওতায় কোর্টের সামনে উপস্থাপিত সকল প্রকার মামলা নিষ্পত্তি;

১.২.২ প্রজাতন্ত্রের নাগরিকদের মৌলিক অধিকার রক্ষার লক্ষ্যে সিদ্ধান্ত প্রদানসহ কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে যথাযথ নির্দেশ প্রদান;

১.২.৩ সাংবিধানিক দায়িত্ব হিসেবে অধঃস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহ তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;

১.২.৪ মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক প্রেরিত কোন জনগুরুত্বসম্পন্ন বিষয়ে মতামত প্রদান;

১.২.৫ সুপ্রীম কোর্টের উভয় বিভাগ ও অধঃস্তন আদালতসমূহের কার্যক্রম পরিচালনার জন্য সংবিধান ও অন্যান্য আইনের অধীনে বিধি প্রণয়ন;

১.২.৬ অধঃস্তন আদালত, ট্রাইব্যুনাল ও ম্যাজিস্ট্রেসিতে বিচার বিভাগীয় কর্মকর্তা নিয়োগ, বদলি, পদোন্নতি, শৃঙ্খলা, ছুটি মঞ্জুরসহ অন্যান্য কার্যাবলি সম্পাদন;

১.২.৭ নিষ্পত্তিকৃত সকল মামলার রেকর্ডসমূহ সংরক্ষণ এবং বিচারাধীন ও নিষ্পত্তিকৃত মামলার রায়, আদেশের নকল সরবরাহ ও বিভিন্ন ধরণের তথ্য প্রদান;

১.২.৮ সুপ্রীম কোর্টের মামলাসমূহের প্রাসঙ্গিক তথ্যসহ সকল কোর্টের দৈনিক কার্যতালিকা নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রদান এবং অধঃস্তন আদালতের সাথে সংযোগ স্থাপন।

## ২.০ মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য ও কার্যক্রমসমূহ

| মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য | কার্যক্রমসমূহ | বাস্তবায়নকারী অধিদপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা | • বিচার কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য তথ্য প্রযুক্তির ব্যবহার<br>• তথ্য প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন-হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং<br>• সুপ্রীম কোর্টসহ অধঃস্তন আদালতসমূহের সকল কার্যক্রমকে অটোমেশন এবং নেটওয়ার্কের আওতায় আনয়ন<br>• অধঃস্তন আদালতসমূহের বিচারাধীন মামলার বর্তমান অবস্থা, শুনানির তারিখ, ফলাফল এবং পূর্ণাঙ্গ রায় নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ<br>• অধঃস্তন আদালত পরিদর্শন এবং তত্ত্বাবধানের লক্ষ্যে প্রণীত সুপারিশ বাস্তবায়ন<br>• ডেথ রেফারেন্স মামলা ও ফৌজদারী আপীল মামলার পেপারবুকসহ অন্যান্য জরুরি কার্যক্রম প্রকাশনা<br>• সুপ্রীম কোর্টের রেকর্ড রুমের বিস্তৃতিসহ সকল শাখার জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন | • সুপ্রীম কোর্ট |
| ২. ন্যায় বিচার প্রাপ্তি সহজলভ্যকরণ | • আইন সংক্রান্ত পুস্তকাদিতে অভিগমন (Easy Access) সহজীকরণ এবং দেশী ও বিদেশী ল'জার্নাল, ল'রেফারেন্স বুক, টেক্সট বুকসহ প্রয়োজনীয় সকল বইয়ের সরবরাহ নিশ্চিতকরণ<br>• জেল আপিলসহ বিভিন্ন আইনের অধীনে প্রদেয় আইনগত সহায়তা কার্যক্রম বাস্তবায়ন ও তত্ত্বাবধান | |

## ৩.০ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

### ৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

#### ৩.১.১ দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** নারীর সাংবিধানিক ও মৌলিক অধিকারসমূহ সুরক্ষার মাধ্যমে সুপ্রীম কোর্ট নারীর ক্ষমতায়ন ও উন্নয়নে ভূমিকা পালন করছে। এছাড়া সুপ্রীম কোর্টের নিবিড় মনিটরিং এর ফলে দেশব্যাপী আইনগত সহায়তা কার্যক্রমের আওতায় দরিদ্র ও অসহায় নারীর ন্যায়বিচার প্রাপ্তিতে সহায়তা দেয়া হচ্ছে, যা নারীর ক্ষমতায়ন ও উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। মাননীয় প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে প্রতিটি অধঃস্তন আদালতে বিজ্ঞ বিচারকদের সমন্বয়ে যৌন হয়রানি প্রতিরোধ কমিটি গঠন করা হয়েছে যা নারীর সুরক্ষা ও একটি নারী-বান্ধব বিচার ব্যবস্থা গড়ে তুলতে ভূমিকা পালন করবে।

#### ৩.১.২ ন্যায় বিচার প্রাপ্তি সহজলভ্যকরণ

**দারিদ্র্য নিরসনের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

**নারী উন্নয়নের উপর প্রভাব:** প্রত্যক্ষ প্রভাব নেই।

### ৩.২ নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| দারিদ্র্য নিরসন | ৪,৬৮,৬৫ | ৫,৫২,৪৫ | ৫,৫২,৪৫ |

| বিবরণ | বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|
| | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| নারী উন্নয়ন | ৪৬,৩৪,৯২ | ৫০,৯৬,০৪ | ৫০,৯৬,০৪ |

## ৪.১ অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ (Priority Spending Areas/Programmes)

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| **১. সুপ্রীম কোর্ট ফাইলিং, এফিডেভিট, ফৌজদারী বিবিধ, প্রশাসন শাখা, বিচার শাখা ও রীট শাখাকে অটোমেশন এবং তথ্য প্রযুক্তি নির্ভর করার কার্যক্রম গ্রহণ তথা Paperless করণ:**<br>মামলার জট নিরসনে ফাইলিং, এফিডেভিট, ফৌজদারী বিবিধবিচার ,প্রশাসন শাখা , শাখা ও রীট শাখার কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে শাখাসমূহের আধুনিকায়ন এবং অটোমেশন অত্যন্ত জরুরী বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা<br>• ন্যায় বিচার প্রাপ্তি সহজলভ্যকরণ |
| **২. সুপ্রীম কোর্টের জন্য পৃথক প্রশাসনিক ভবন নির্মাণ:**<br>বর্তমানে সুপ্রীম কোর্টে প্রায় ২৪০০ জন কর্মকর্তা ও কর্মচারী রয়েছে। সুপ্রীম কোর্টের সাচিবিক ও প্রশাসনিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উক্ত কর্মকর্তা ও কর্মচারীদের সঠিক কর্মপরিবেশ নিশ্চিত করা আবশ্যক। ফলশ্রুতিতে ন্যায়বিচার নিশ্চিতকরণে কনফারেন্স রুম, গ্রন্থাগার ইত্যাদি সুবিধা সম্বলিত সুপ্রিমকোর্টে ২০ তলা বিশিষ্ট একটি প্রশাসনিক ভবন নির্মাণের পরিকল্পনা রয়েছে বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা<br>• ন্যায় বিচার প্রাপ্তি সহজলভ্যকরণ |
| **৩. বাংলাদেশ সুপ্রীম কোর্ট রিসার্চ ইনস্টিটিউট প্রতিষ্ঠাকরণ:**<br>কক্সবাজারের টেকনাফ উপজেলার বাহার ছড়া ইউনিয়নের উত্তর শীলখালী সমুদ্র সৈকত ঘেঁষা মেরিন ড্রাইভ রোডের পাশে **"বাংলাদেশ সুপ্রীম কোর্ট রিসার্চ ইনস্টিটিউট"** প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যেখানে থাকবে বিচার সংক্রান্ত গবেষণার অবারিত সুযোগ, গবেষণাধর্মী বিচারিক তথ্য উপাত্ত এবং মিউজিয়াম সমৃদ্ধ লাইব্রেরী। এছাড়াও বিভিন্ন দেশের গবেষকদের গবেষণায় অংশ নেওয়ার ব্যবস্থা থাকবে এবং গবেষণায় নিয়োজিতদের জন্য আবাসন ব্যবস্থা ও রেস্ট হাউস এর ব্যবস্থা থাকবে বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা |
| **৪. সুপ্রীম কোর্ট মেডিকেল সেন্টারকে পূর্ণাঙ্গ ক্লিনিকে রূপান্তরের লক্ষ্যে একটি মেডিকেল ভবন প্রতিষ্ঠাকরণ:**<br>বর্তমানে সীমিত পরিসরে বাংলাদেশ সুপ্রীম কোর্টের শতাধিক মাননীয় বিচারপতি এবং প্রায় ২৪০০ কর্মকর্তা ও কর্মচারীকে সুপ্রীম কোর্ট মেডিকেল সেন্টারে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে যা চাহিদার তুলনায় অপ্রতুল। তাছাড়া প্রতি বছর সুপ্রীম কোর্টের কর্মকর্তা ও কর্মচারীদের বিপুল পরিমাণ ঔষধ প্রয়োজনমাফিক সরবরাহ করা হয় যা যথাযথভাবে সংরক্ষণের জন্য পৃথক জায়গা প্রয়োজন। সার্বিক বিবেচনায় সুপ্রীম কোর্ট মেডিকেল সেন্টারকে পূর্ণাঙ্গ ক্লিনিকে রূপান্তরের লক্ষ্যে একটি মেডিকেল ভবন প্রতিষ্ঠা করা আবশ্যক বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | • দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা |
| **৫. সুপ্রীম কোর্টের প্রত্যেক ভবনে আধুনিক অগ্নিনির্বাপণ ব্যবস্থাসহ সার্বিক নিরাপত্তা বলয় প্রতিষ্ঠাকরণ:**<br>বাংলাদেশ সুপ্রীম কোর্ট দেশের সর্বোচ্চ আদালত। প্রতিদিন সারাদেশ থেকে অসংখ্য বিচারপ্রার্থী ন্যায় বিচার প্রাপ্তির লক্ষ্যে এ প্রাঙ্গনে যাতায়াত করে। রাষ্ট্রীয়ভাবে সংবেদনশীল বিভিন্ন মামলার বিচার বাংলাদেশ সুপ্রীম কোর্টে সম্পন্ন হয়। ফলশ্রুতিতে সুপ্রীম কোর্টে নিরাপত্তা ব্যবস্থা সুসংহত করার লক্ষ্যে সুপ্রীম কোর্টের প্রত্যেক ভবনে অগ্নি নির্বাপণ ব্যবস্থা এবং আর্চওয়েসহ নিরাপত্তা বলয় প্রতিষ্ঠাকরণ অত্যন্ত জরুরী | • দক্ষ বিচার প্রশাসন গড়ে তোলার মাধ্যমে ন্যায় বিচার প্রতিষ্ঠা<br>• ন্যায় বিচার প্রাপ্তি সহজলভ্যকরণ |

| অগ্রাধিকার ব্যয়খাত/কর্মসূচিসমূহ | সংশ্লিষ্ট মধ্যমেয়াদি কৌশলগত উদ্দেশ্য |
|---|---|
| বিধায় এ খাতকে অগ্রাধিকার প্রদান করা হয়েছে। | |

## ৪.২ মধ্য মেয়াদি ব্যয় প্রাক্কলন ও প্রক্ষেপণ (২০২৬-২৭ হতে ২০২৮-২৯)

### ৪.২.১ দপ্তর/সংস্থা/প্রাতিষ্ঠানিক ইউনিটওয়ারী ব্যয়

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| আপিল বিভাগ, সুপ্রিম কোর্ট | ২৬,৩৫,২৯ | ২৪,৯০,০০ | ২৬,১৬,০০ | ২৮,৭২,০০ | ৩০,১৫,০০ |
| হাইকোর্ট বিভাগ | ২২৩,৬৪,৭১ | ২৩৮,৫৯,২১ | ২৬৫,২২,০০ | ২৭৭,২৩,০০ | ২৯১,১০,০০ |
| **সর্বমোট :** | **২৫০,০০,০০** | **২৬৩,৪৯,২১** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | **৩২১,২৫,০০** |

### ৪.২.২ অর্থনৈতিক গ্রুপ কোড অনুযায়ী ব্যয়

(হাজার টাকায়)

| অর্থনৈতিক গ্রুপ কোড | বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | বাজেট ২০২৬-২৭ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২৫-২৬ | | | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| | **আবর্তক ব্যয়** | | | | | |
| ৩১১১ | নগদ মজুরি ও বেতন | ১৫৮,২৭,১৪ | ১৫১,৬২,৮৭ | ১৬১,৮৯,৬৯ | ১৭৩,৪২,১৮ | ১৮১,১৫,৯৯ |
| ৩২১১ | প্রশাসনিক ব্যয় | ২৩,৮২,৭০ | ২৪,৫১,৮৬ | ২৪,২২,৩৬ | ২৬,৭৭,৮৬ | ২৯,৭১,৪১ |
| ৩২২১ | ফি, চার্জ ও কমিশন | ২২,৯০ | ২০,১৫ | ১৫,৮৫ | ২৭,৪৬ | ৩২,৬০ |
| ৩২৩১ | প্রশিক্ষণ | ৩০,০০ | ৩২,০০ | ৩৫,০০ | ৩৬,০০ | ৫৮,০০ |
| ৩২৪৩ | পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট | ৭,৮১,০০ | ৫,৮৪,৫০ | ৬,৪০,৬০ | ৭,৮৬,০০ | ৮,৪৬,০০ |
| ৩২৪৪ | ভ্রমণ ও বদলি | ৫৫,০০ | ১,০৫,০০ | ৭৬,৫০ | ১,০৫,০০ | ১,০৯,০০ |
| ৩২৫২ | চিকিৎসা ও শল্য চিকিৎসা সরঞ্জামাদি সরবরাহ | ৮৩,০০ | ৮৮,০০ | ৯০,০০ | ১,৫০,০০ | ২,২৫,০০ |
| ৩২৫৫ | মুদ্রণ ও মনিহারি | ৭,৮৭,০০ | ৮,৪৬,০০ | ৯,৩০,০০ | ১৩,৮০,৫০ | ১৫,৯৫,০০ |
| ৩২৫৬ | সাধারণ সরবরাহ ও কাঁচামাল সামগ্রী | ৮২,০০ | ৮২,০০ | ৮২,০০ | ১,০৮,০০ | ১,০৯,০০ |
| ৩২৫৭ | পেশাগত সেবা, সম্মানী ও বিশেষ ব্যয় | ১৩,৬০,০০ | ১৪,২১,০০ | ১১,৬৮,০০ | ১৮,৩৩,০০ | ২১,৪০,০০ |
| ৩২৫৮ | মেরামত ও সংরক্ষণ | ৯,০৪,২৬ | ৮,৫৬,৫০ | ৮,০৫,৫০ | ১৪,৩৪,০০ | ১৫,৯৭,০০ |
| ৩৮২১ | আবর্তক স্থানান্তর যা অন্যত্র শ্রেণিবদ্ধ নয় | ২,৫০ | ১,৮৩ | ২,৫০ | ৩,০০ | ৩,০০ |
| ৩৯১১ | সংরক্ষিত | ০ | ০ | ৭০,০০ | ০ | ০ |
| | **মোট : - আবর্তক ব্যয়** | **২২৩,১৭,৫০** | **২১৬,৫১,৭১** | **২২৫,২৮,০০** | **২৫৮,৮৩,০০** | ২৭৮,০২,০০ |
| | **মূলধন ব্যয়** | | | | | |
| ৪১১১ | ভবন ও স্থাপনাসমূহ | ০ | ০ | ০ | ৫,০০ | ৮,০০ |
| ৪১১২ | যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২৬,৮২,৫০ | ৪৬,৯৭,৫০ | ৬৬,১০,০০ | ৪৭,০৪,০০ | ৪৩,১২,০০ |
| ৪১৪১ | ভূমি | ০ | ০ | ০ | ৩,০০ | ৩,০০ |
| | **মোট : - মূলধন ব্যয়** | **২৬,৮২,৫০** | **৪৬,৯৭,৫০** | **৬৬,১০,০০** | **৪৭,১২,০০** | ৪৩,২৩,০০ |
| | **সম্পদ** | | | | | |
| ৭২১৫ | ঋণ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | **মোট : - সম্পদ** | **০** | **০** | **০** | **০** | ০ |
| | **সর্বমোট :** | **২৫০,০০,০০** | **২৬৩,৪৯,২১** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | ৩২১,২৫,০০ |

## ৫.০ মন্ত্রণালয়/বিভাগের প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ(Key Performance Indicators)

| নির্দেশক | সংশ্লিষ্টকৌশলগত উদ্দেশ্য | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃতঅর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. সুপ্রীম কোর্টের মামলা নিস্পত্তির হার | | | | | | | | | |
| ক. নতুন দায়েরকৃত মামলা (শতকরা হারে) * | ১,২ | % | ৭৫ | ৪৫ | ৭৫ | ৭০ | ৭৫ | ৭৫ | ৮০ |
| খ. পূর্বের মামলা (শতকরা হারে) ** | | | ৩০ | ১৯ | ৩৫ | ৩০ | ৩৫ | ৩৫ | ৪০ |
| ২. অধঃস্তন আদালতের মামলা নিষ্পত্তির হার | | | | | | | | | |
| ক. নতুন দায়েরকৃত মামলা (শতকরা হারে)* | ১,২ | % | ৯০ | ৮০ | ৯০ | ৯০ | ৯০ | ৯০ | ৯৫ |
| খ. পূর্বের মামলা (শতকরা হারে) ** | | | ৩৫ | ১৭ | ৪০ | ৩০ | ৩৫ | ৩৫ | ৪০ |

* সংশ্লিষ্ট বছরে দায়েরকৃত মোট মামলার মধ্যে নিস্পত্তিকৃত মামলার শতকরা হার।

** পূর্ববর্তী বছর পর্যন্ত দায়েরকৃত মোট বিচারাধীন মামলার মধ্যে নিস্পত্তিকৃত মামলার শতকরা হার।

## ৬.০ অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক ও লক্ষ্যমাত্রা এবং ব্যয় প্রাক্কলন

### ৬.১ সুপ্রীম কোর্ট

৬.১.১ **সাম্প্রতিক অর্জন:** বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতির প্রত্যক্ষ দিক নির্দেশনায় নতুন আদালত ও ট্রাইব্যুনাল গঠন, বিচারিক পদ সৃজন, বিশেষায়িত বাণিজ্যিক আদালত প্রতিষ্ঠা করা হয়। এছাড়াও প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি এবং বিচারপ্রার্থীদের ন্যায়বিচার প্রাপ্তির অধিকার নিশ্চিত করার লক্ষ্যে বিচারিক সেবার আধুনিকায়ন ও গতিশীলতা আনয়নে সম্প্রতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গৃহীত হয়। সুপ্রীম কোর্টে এবং অধঃস্তন আদালতসমূহে বিগত বছরে মোট ৭,১২,১০০টি মামলা নিষ্পত্তি হয়। হাইকোর্ট বিভাগের বিচারপতিদের সমন্বয়ে গঠিত ১৩টি মনিটরিং কমিটির মাধ্যমে সারাদেশের অধঃস্তন আদালতসমূহের কার্যক্রম প্রতিনিয়ত তদারকি করা হচ্ছে। বিচারিক কাজে গতিশীলতা বৃদ্ধি, অনিয়ম ও দুর্নীতি প্রতিরোধে সুপ্রীম কোর্টে অত্যাধুনিক প্রযুক্তিসম্পন্ন বিশেষ কোড সম্বলিত হেল্প-লাইন সেন্টার এবং জেলা ও মহানগর আদালতসমূহে ১৩৬টি হেল্প-লাইন চালু করা হয়। হাইকোর্ট বিভাগের কোম্পানি বেঞ্চের কার্যক্রম ই-ফাইলিংসহ তথ্যপ্রযুক্তি নির্ভর তথা সম্পূর্ণরূপে পেপারলেস করা হয়। সুপ্রীম কোর্টের সাথে ৫টি দেশের সমঝোতা চুক্তি সম্পাদনের মাধ্যমে শিক্ষা, গবেষণা, প্রশিক্ষণ ও আন্তর্জাতিক দক্ষতা বিনিময় সম্পর্কিত কার্যক্রম গৃহীত হয়।

#### ৬.১.২ কার্যক্রমসমূহ, ফলাফল নির্দেশক এবং নির্দেশকের লক্ষ্যমাত্রা

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ১. বিচার কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির জন্য তথ্য প্রযুক্তির ব্যবহার | কেস নিস্পত্তির পরিমাণ বৃদ্ধি | ১, ২ | সংখ্যা (হাজার | ৮২ | ৬৫ | ৭৫ | ৬৫ | ৮০ | ৮০ | ৮০ |
| ২. তথ্য প্রযুক্তির প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন-হার্ডওয়্যার, সফটওয়্যার ও নেটওয়ার্কিং | অনলাইন কানেকটিভিটি স্থাপন | ১, ২ | % | ৮২ | ৬০ | ৬৫ | ৭০ | ৭০ | ৭৫ | ৮০ |
| ৩. সুপ্রীম কোর্টসহ অধঃস্তন আদালতসমূহের সকল কার্যক্রমকে অটোমেশন এবং নেটওয়ার্কের | অনলাইন কানেকটিভিটি স্থাপন | ১, ২ | সংখ্যা (কোর্ট | ৭০ | ৫০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৯০ | ৯০ |

| কার্যক্রম | ফলাফল নির্দেশক | সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক | পরিমাপের একক | সংশোধিত লক্ষ্যমাত্রা | প্রকৃত অর্জন | লক্ষ্যমাত্রা | সংশোধিত লক্ষ্যমাত্রা | মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২৪-২৫ | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| আওতায় আনয়ন | | | | | | | | | | |
| ৪. অধঃস্তন আদালতসমূহের বিচারাধীন মামলার বর্তমান অবস্থা, শুনানীর তারিখ, ফলাফল এবং পূর্ণাঙ্গ রায় নিয়মিতভাবে ওয়েবসাইটে প্রকাশ | ওয়েবে তথ্য প্রদান: দৈনিক | ১, ২ | সংখ্যা (কোর্ট | ৬৫ | ৭০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৯০ | ১০০ |
| ৫. অধঃস্তন আদালত পরিদর্শন এবং তত্ত্বাবধানের লক্ষ্যে প্রণীত সুপারিশ বাস্তবায়ন | বিধি হালনাগাদকরণ | ১, ২ | সংখ্যা | ৭৫ | ৪০ | ৫৫ | ৫০ | ৫৫ | ৬০ | ৬৫ |
| ৬. ডেথ রেফারেন্স মামলা ও ফৌজদারী আপিল মামলার পেপারবুকসহ অন্যান্য জরুরি কার্যক্রম প্রকাশনা | নির্ধারিত সময়ে মামলার পেপারবুক প্রকাশনা | ১ | % | ৮০ | ৭০ | ৭৫ | ৮০ | ৮৫ | ৯০ | ১০০ |
| ৭. সুপ্রীম কোর্টের রেকর্ড রুমের বিস্তৃতিসহ সকল শাখার জন্য প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়ন | কাজ সমাপ্তি | ১, ২ | % | ৯৫ | ৭০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ | ১০০ |
| ৮. আইন সংক্রান্ত পুস্তকাদিতে অভিগমন (Easy Access) সহজীকরণ এবং দেশী ও বিদেশী ল' জার্নাল, ল' রেফারেন্স বুক, টেক্সট বুকসহ প্রয়োজনীয় সকল বইয়ের সরবরাহ নিশ্চিতকরণ | রেফারেন্স মেটেরিয়াল ব্যবহারকারী জনগোষ্ঠী | ২ | % | ৯০ | ৫০ | ৫৫ | ৬০ | ৭০ | ৯০ | ১০০ |
| ৯. জেল আপীলসহ বিভিন্ন আইনের অধীনে প্রদেয় আইনগত সহায়তা কার্যক্রম বাস্তবায়ন ও তত্ত্বাবধান | মামলা নিষ্পত্তি | ১,২ | সংখ্যা | ৮০ | ৬০ | ৭০ | ৮০ | ৯০ | ৯৫ | ১০০ |

## ৬.১.৩ অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পওয়ারি মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন

(হাজার টাকায়)

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| পরিচালন কার্যক্রম | | | | | | | |
| সাধারণ কার্যক্রম | | | | | | | |
| ১০৫০১০১ - আপিল বিভাগ, সুপ্রিম কোর্ট | ১-১১ | ২৩,৫২,৬০ | ২৬,৩৫,২৯ | ২৪,৯০,০০ | ২৬,১৬,০০ | ২৮,৭২,০০ | ৩০,১৫,০০ |

| অপারেশন ইউনিট, স্কিম এবং প্রকল্পের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | প্রকৃত ২০২৪-২৫ | বাজেট | সংশোধিত বাজেট | মধ্যমেয়াদি ব্যয় প্রাক্কলন | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০২৫-২৬ | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১০৫০১০২ - হাইকোর্ট বিভাগ | ১-১১ | ২০৩,৯৭,৭৬ | ২২২,৯৪,৭১ | ২৩৭,০৯,২১ | ২৬৪,২২,০০ | ২৭৫,২৩,০০ | ২৮৮,১০,০০ |
| মোট : সাধারণ কার্যক্রম | | **২২৭,৫০,৩৬** | **২৪৯,৩০,০০** | **২৬১,৯৯,২১** | **২৯০,৩৮,০০** | **৩০৩,৯৫,০০** | **৩১৮,২৫,০০** |
| বিশেষ কার্যক্রম | | | | | | | |
| ১২০০০২২৯৯ - অন্যান্য দিবস প্রতিপালন | ১-১১ | ১,৯৯,৬৭ | ৭০,০০ | ১,৫০,০০ | ১,০০,০০ | ২,০০,০০ | ৩,০০,০০ |
| মোট : বিশেষ কার্যক্রম | | **১,৯৯,৬৭** | **৭০,০০** | **১,৫০,০০** | **১,০০,০০** | **২,০০,০০** | **৩,০০,০০** |
| মোট : পরিচালন কার্যক্রম | | **২২৯,৫০,০৩** | **২৫০,০০,০০** | **২৬৩,৪৯,২১** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | **৩২১,২৫,০০** |
| মোট : | | **২২৯,৫০,০৩** | **২৫০,০০,০০** | **২৬৩,৪৯,২১** | **২৯১,৩৮,০০** | **৩০৫,৯৫,০০** | **৩২১,২৫,০০** |